# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯০৫

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

## الفصل الاول (بَاب فِي المعجزا)

আরবী

وَعَن أنسٍ أَنَّ أَهْلَ الْمَدِينَةِ فَزِعُوا مَرَّةً فَرَكِبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَسًا لِأَبِي طَلْحَةَ بَطِيئًا وَكَانَ يَقْطِفُ فَلَمَّا رَجَعَ قَالَ: «وَجَدْنَا فَرَسَكُمْ هَذَا بَحْرًا» . فَكَانَ بَعْدَ ذَلِكَ لَا يُجَارَى وَفِي رِوَايَةٍ: فَمَا سُبِقَ بَعْدَ ذَلِكَ الْيَوْم. رَوَاهُ الْبُخَارِيّ

متفق علیہ ، رواہ البخاری (2867 و الروایۃ الثانیۃ : 2969) و مسلم (48 / 2307)، (6006) ـ

(صَحِيح)

বাংলা

৫৯০৫-[৩৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। একবার মদীনাবাসী (শত্রুর আক্রমণের আশঙ্কায়) ভীতসন্ত্রস্ত হয়ে পড়ল, তখন নবী (সা.) আবূ ত্বলহাহ্ (রাঃ) -এর একটি অতি ধীরগতি অশ্বে আরোহণ করলেন (এবং মদীনায় পার্শ্ববর্তী এলাকা পরিদর্শন করে) ফিরে এসে বললেন, তোমাদের এ ঘোড়াটিকে আমি সমুদ্রস্রোতের মতো দ্রুতগামী পেয়েছি।
বর্ণনাকারী বলেন, এরপর হতে কোন ঘোড়াই আর তার সাথে চলতে পারত না। অপর এক বর্ণনায় আছে, সে দিনের পর হতে কোন ঘোড়াই তার আগে যেতে পারত না। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ২৮৬৭, মুসনাদে আহমাদ ১৩৭৭৩, আস সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৩৭০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَّ أَهْلَ الْمَدِينَةِ فَزِعُوا مَرَّةً)অর্থাৎ একবার মদীনাবাসীরা ভয় পেয়ে গেল। মিকাত প্রণেতা বলেন, তাদের ভয় পাওয়ার কারণ ছিল মদীনায় দুইশত শত্রু কর্তৃক আক্রমণ হওয়ার ভয় ছিল। যখন এই আক্রমণের ব্যাপারে শোরগোল তৈরি হলো তখন আল্লাহর রাসূল (সা.) সবার আগে গিয়ে ঘটনাটি দেখে আসেন। এর মাধ্যমে রাসূল (সা.) -এর ব্যাপক সাহস ও বীরত্বের কথাও বুঝা যায়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85881

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন